ইত্তেফাক

তারিখ 31 OCT 2002
পৃষ্ঠা ২ কলাম ৮

# দীর্ঘ ৮ বছর পর আজ থেকে শুরু হচ্ছে ছাত্রদলের ঢাবি হল ইউনিটের সম্মেলন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ দীর্ঘ ৮ বছর পর জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার বিভিন্ন আবাসিক হল ইউনিটের সম্মেলন আজ (বৃহস্পতিবার) থেকে শুরু হচ্ছে। আজ রোকেয়া হলের সম্মেলন অনুষ্ঠিত হবে। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক শফিউল বারী বাবু সম্মেলন উদ্বোধন করবেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিএনপি'র ছাত্রবিষয়ক সম্পাদক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী আমান উল্লাহ্ আমান। বিশেষ অতিথি থাকবেন বস্ত্র প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহা, এ বি এম আশরাফ উদ্দীন মিজান. এমপি, ছাত্রদল কেন্দ্রীয় সংসদের আহ্বায়ক সাহাবুদ্দীন লাল্টু, যুগ্ম আহ্বায়ক এ বি এম মোশাররফ হোসেন, মনির হোসেন, আজিজুল বারী হেলাল, সদস্য রেহানা আক্তার রানু। আরো বক্তব্য রাখবেন, বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম-আহবায়ক আমিরুল ইসলাম আলিম, আসাদুজ্জামান আসাদ, হায়দার আলী লেলিন, সাঈদ ইকবাল মাহমুদ টিটু। সম্মেলনে সভাপতিত্ব করেন হল শাখার সভাপতি ফরিদা খানম। তবে সম্মেলনে হল শাখার নতুন কমিটি ঘোষণা করা হবে না। আগামী ১৫ ডিসেম্বর সকল হলের সম্মেলন শেষে একসাথে সকল হলের কমিটি ঘোষণা করা হবে বলে ছাত্রদল সূত্র জানিয়েছে।

সম্মেলন প্রসঙ্গে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহবায়ক শফিউল বারী বাবু বলেন, সম্মেলনের মাধ্যমে ত্যাগী ও সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে গ্রহণযোগ্য প্রকৃত ছাত্রদের দিয়ে কমিটি গঠন করে আগামী দিনে শিক্ষার সুষ্ঠ পরিবেশ নিশ্চিত ও ছাত্রদের অধিকার আদায়ের আন্দোলন বেগবান করা হবে। যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম আলিম বলেন, যাচাই-বাছাই করে প্রকৃত ছাত্রদের দিয়ে নেতৃত্ব গঠন করা হবে।

অন্যান্য হলে সম্মেলনের তারিখ হচ্ছে ঃ ২ নভেম্বর শামসুন্নাহার হল, ৪ নভেম্বর কুয়েত মৈত্রী হল, ৯ নভেম্বর মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল, ১১ নভেম্বর মুহসীন হল, ১৪ নভেম্বর শেখ মুজিবুর রহমান হল, ১৬ নভেম্বর অমর একুশে হল, ১৭ নভেম্বর এসএম হল, ১৮ নভেম্বর এফ রহমান হল, ২০ নভেম্বর জহুরুল হক হল, ২১ নভেম্বর সূর্যসেন হল, ২৩ নভেম্বর শহীদুল্লাহ হল, ২৪ নভেম্বর কবি জসীম উদ্‌দীন হল, ২৬ নভেম্বর বেগম ফজিলাতুন্নেসা মুজিব হল, ১২ ডিসেম্বর জগন্নাথ হল এবং সর্বশেষ ১৫ ডিসেম্বর ফজলুল হক হলে সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলন উপলক্ষে হল সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক প্রার্থীদের জন্য প্রার্থী ফরম বিতরণ শুরু হয়েছে। সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রার্থী ফরমের মূল্য দু'শ' টাকা এবং সাংগঠনিক সম্পাদকের ফরমের মূল্য একশ' টাকা। গত ২৭ তারিখ থেকে ফরম বিতরণ শুরু হয়েছে। আগামী ৫ নভেম্বর প্রার্থী ফরম বিতরণ ও গ্রহণ শেষ করা হবে বলে জানা গেছে। ফরম জমা নেয়ার পর সকল হলের সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক প্রার্থীদের ছাত্রত্ব পরীক্ষা করা হবে। ফরমে কেউ ভুল তথ্য দিলে তার প্রার্থিতা বাতিল করা হবে। প্রতিটি হলের সম্মেলনের আগেই সে হলের নেতৃত্ব প্রত্যাশী নেতাকর্মীদের সাথে কথা বলবেন বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ। ইতোমধ্যে পদপ্রার্থীরা নেতৃত্বে আসার জন্য জোর লবিং-গ্রুপিং শুরু করেছে। কোন কোন হলে প্রার্থীদেরকে হেয় প্রতিপন্ন করার জন্য নেতাকর্মীরা কাদা ছোঁড়াছুঁড়িতে লিপ্ত হয়েছে।

## রোকেয়া হলে নবীন বরণ

ছাত্রদলের উদ্যোগে রোকেয়া হলে গতকাল নবীণ বরণ অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে সকালে ক্যাম্পাসে বের করা হয় বর্ণাঢ্য র‍্যালি। ছাত্রীরা বাসন্তী শাড়ী পড়ে নানা সাজে সজ্জিত হয়ে নানা ঢং-এ নেচে-গেয়ে র‍্যালি মাতিয়ে তুলে। র‍্যালিতে উপস্থিত ছিলেন ছাত্রদলের কেন্দ্রীয় আহবায়ক কমিটির সদস্য রেহানা আক্তার রানু, শোখী আক্তার, ছাত্রদল নেত্রী রোখসানা খানম মিতুরা প্রমুখ।